

4

2023

52

## TABU EKALAVYA

An International Peer-reviewed Refereed Research

Journal on Arts & Humanities

Volume 28, Issue 3

Number 52

Published : March 2023

ISSN : 0976-9463

Published by : DIYA PUBLICATION

ISBN : 978-93-92110-72-6

Short Story  
Vol. I

---

## TABU EKALAVYA

Chief Advisor : Swami Shastrajnananda  
Selina Hossin  
Ramkumar Mukhopadhyay  
Soma Bandyopadhyay  
Sadhan Chattopadhyay  
Ashis Chattopadhyay

President : Biplab Majee

Vice-President : Tapan Mandal

Executive Editor : Sushil Saha

Editor : Debarati Mallik

Working Editor : Tapas Pal

Editor-in-Chief : Dipankar Mallik

e-mail : tabuekalavya@gmail.com

Website : www.tabuekalavya.in

facebook : তবু একলব্য গবেষণা পত্রিকা

group : তবু একলব্য গবেষণা পত্রিকা

---

প্রাপ্তিস্থান : দে'জ, দিয়া, দে বুক স্টোর (দীপু), ধ্যানবিন্দু, পাতাবাহার

মূল্য : ৩৯৯ টাকা

Prasanta Kumbhakar

# জ্যোতিরিন্দ্র নন্দীর নির্বাচিত কয়েকটি গল্পে উচ্চবিত্ত, মধ্যবিত্ত ও সর্বহারার স্বরূপ

## অনুসন্ধান

### প্রশান্ত কুম্ভকার

সাম্যবাদ, মানবতাবাদ প্রভৃতি গালভরা মতবাদের আমরা যতই বড়াই করি না কেন, পৃথিবীতে এমন কোনো সমাজ নেই যেখানে মানুষে মানুষে বিভেদ নেই। 'যোগ্যতমের উদবর্তন'ই বোধহয় এর জন্য দায়ী। কারণ আমাদের মনে হয় শুধু বিভিন্ন প্রজাতির মধ্যেই নয়, প্রতিটি মানুষের ক্ষেত্রেও ডারউইনের এই তত্ত্ব প্রযোজ্য। অর্থ, মেধা, সম্পদ, লিঙ্গা, বংশ, ক্ষমতা ইত্যাদির ভিত্তিতে তাই সব যুগে সব কালেই সমাজ শ্রেণিবিভক্ত ছিল। সমাজতত্ত্বের ভাষায় একেই বলে সামাজিক স্তরবিন্যাস বা Social Stratification এবং বিভেদীকরণ বা Differentiation। যদিও দু'জন ব্যক্তি বা পরিবারের মধ্যে পার্থক্য বা ব্যবধানকে বলে বিভেদীকরণ।<sup>১</sup> সে তুলনায় সামাজিক স্তরবিন্যাসের ক্ষেত্র অনেক বৃহত্তর। পৃথিবীর বিভিন্ন ভাষার সাহিত্যের মতো বাংলা সাহিত্যেও এই স্তরবিন্যাস বা বিভেদীকরণ নানা সাহিত্যিকদের হাতে নানা রূপে ধরা পড়েছে। বাংলা কথাসাহিত্যের ইতিহাসে জ্যোতিরিন্দ্র নন্দীও (১৯১২-১৯৮২) এর ব্যতিক্রম নন। তাঁর প্রতিভার পূর্ণ বিকাশ মূলত পঞ্চাশের দশকে। শহুরে মধ্যবিত্ত সমাজের মানসিক টানাপোড়েন, মূল্যবোধহীনতা, অসহায়তা, নিঃসঙ্গতা তাঁর গল্প-উপন্যাসের মূল ভিত্তি। শিক্ষিত মধ্যবিত্তের আত্মিক অবনমনের মাঝেও ক্ষীণ মানবিকতা, অস্তিত্বের সংকট, আত্মাভিমান, বুর্জোয়া সমাজের নির্মম লোলুপতা লেখকের নিরাসক্ত দৃষ্টিভঙ্গিতে বারবার প্রকাশ পেয়েছে। এদিক থেকে তিনি মানিক বন্দ্যোপাধ্যায়ের সমগোত্রীয়।<sup>২</sup> আমাদের আলোচ্য গল্পগুলিতেও রয়েছে আত্মাভিমानी মধ্যবিত্ত শ্রেণির পরদুঃখ কাতরতা, উচ্চবিত্তের